

টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন ছইলস ফর আগুর প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ।

বর্তমানে বাংলাদেশে কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা জেলা শহর কেন্দ্রিক। উপজেলা পর্যায়ে কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ এখনও সম্প্রসারিত না হওয়ায় গ্রামীণ যুবক ও যুবমহিলারা তথ্য প্রযুক্তি বিষয়ক এ সুবিধা হতে বঞ্চিত হচ্ছে। এছাড়া বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের জন্য শিক্ষিত বেকার যুবদের কম্পিউটার বিষয়ে অধিকহায়ে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায়ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও দারিদ্র্যের হার হ্রাসের নিমিত্ত মানবসম্পদ উন্নয়নের উপর গুরুত্বারোপ করা হয়েছে। বর্তমান বিশ্বের একটি অতি প্রয়োজনীয় ও বহুল ব্যবহৃত প্রযুক্তি হলো তথ্য প্রযুক্তি। এ অবস্থায় ভ্রাম্যমাণ আইসিটি ভ্যানের মাধ্যমে গ্রামাঞ্চলের দরিদ্র বেকার যুবদের জন্য ইন্টারনেটসহ কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা এ প্রকল্পের লক্ষ্য। এ প্রকল্পে অত্যাধুনিক কম্পিউটার সিস্টেম, ভ্রাম্যমাণ ইন্টারনেট সুবিধা, মালটিমিডিয়া প্রজেক্টর, অডিও সিস্টেম ইত্যাদি দ্বারা সুসজ্জিত ভ্রাম্যমাণ ট্রেনিং ভ্যানের মাধ্যমে দেশের ০৭টি বিভাগের ৬৪টি জেলার উপজেলা পর্যায়ে বেকার যুবদের কম্পিউটার ও ইন্টারনেট বিষয়ে এক মাস মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হবে। ০১-০৭-২০১৪ থেকে ৩০-০৬-২০১৯ মেয়াদে ২০০০.০০ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটি অনুমোদিত হয়ে কার্যক্রম শুরু করেছে। প্রকল্পটি সম্পূর্ণ বাস্তবায়িত হলে মোট ১৫৮৪০ জন বেকার যুবক ও যুবমহিলা প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী হওয়ার সুযোগ পাবে।